



# নারী ঐক্য পরিষদ

ইশরাত টাওয়ার, ৯ম তলা, ৬ পুরানা পল্টন, ঢাকা ১০০০

মোবাইল : ০১৭১৫০২৬৪২৩, ০১৯১৩৩৮০০৫৯

তারিখ : ০২ জানুয়ারী ২০২১

## শোক বিবৃতি

### নারী নেত্রী আয়শা খানমের মৃত্যুতে লুৎফুন নেসা খান এমপি'র শোক

নারী ঐক্য পরিষদের সভাপতি লুৎফুন নেসা খান বিউটি এমপি আজ এক বিবৃতিতে বাংলাদেশ মহিলা পরিষদের সভাপতি নারী নেত্রী বীর মুক্তিযোদ্ধা আয়শা খানমের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন। শোক বিবৃতিতে তিনি বলেন, আয়শা খানম ছাত্রজীবন থেকেই প্রগতিশীল রাজনীতির সামনের সারির নেত্রী ছিলেন। বাংলাদেশ পরবর্তীতে এ দেশের নারীদের তাদের অধিকার আদায়ের সংগ্রামে সংগঠিত করেন। সংসদে নারী সংরক্ষিত আসন বৃদ্ধি, সরাসরি নির্বাচন, ইউনিফর্ম ফ্যামিলী কোড বাস্তবায়ন, সিডো সনদের দু'টি ধারায় আপত্তি তুলে নেয়া, নারী নির্যাতন বন্ধ করাসহ নারী অধিকার প্রতিষ্ঠার সংগ্রামে তিনি ছিলেন পুরোধা ব্যক্তিত্ব। তার মৃত্যুতে শূন্যস্থান পূরণ করা কঠিন হবে। তিনি শোকসন্তপ্ত পরিবার ও মহিলা পরিষদকে সমবেদনা জানান।

বার্তা প্রেরক

(জাহেদা আক্তার)

প্রচার সম্পাদক

নারী ঐক্য পরিষদ